# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৪০

১/ বিবিধ

আরবী

سووا بين أولادكم في العطية، فلوكنت مفضلا أحدا لفضلت النساء ".

ضعيف

أخرجه أبو بكر الآجري في " الفوائد المنتخبة " (1 / 103 / 1) والطبراني (3 / 142 / 2) والحارث بن أبي أسامة في " المسند " (ص 106 - من زوائده) والبيهقي (6 / 177) من طرق أربعة قالوا: حدثنا إسماعيل بن عياش عن سعيد بن يوسف عن يحيى بن أبي كثير عن عكرمة عن ابن عباس مرفوعا

وهذا سند ضعيف، ابن يوسف هذا متفق على تضعيفه، وقال الحافظ ابن عدي بعد أن أخرج له هذا (3 / 381) : ليس له أنكر من هذا الحديث، ولذا قال ابن حجر في " التقريب " في ترجمته: ضعيف

ومنه تعلم أن قوله في " الفتح " (5 / 163) : وإسناده حسن، غير حسن

والشطر الأول من الحديث صحيح، روى معناه الشيخان وغيرهما من حديث النعمان بن بشير بلفظ: " اتقوا الله واعدلوا بين أولادكم " وهو مخرج في الإرواء (1598) ومن أوهام الهيثمي في " مجمعه " (4 / 153) أنه أعله بعبد الله بن صالح فقط وذكر الخلاف فيه، وهو متابع من سائر الجمع ولعله سبب وهم الحافظ

ثم وجدت الحديث قد رواه أبو محمد الجوهري في " الفوائد المنتقاة " (7 / 2) وعنه ابن عساكر (7 / 184 / 2) من طريق الأوزاعي قال: حدثني يحيى بن أبي كثير قال: قال رسول الله صلى الله عليه وسلم فذكره

وهذا إسناد معضل، وهذا هو أصل الحديث، فإن الأوزاعي ثقة ثبت، فمخالفة سعيد ابن يوسف إياه إنما هو من الأدلة على وهنه وضعفه

বাংলা

৩৪০। তোমরা সন্তানদের মধ্যে সমানভাবে হাদিয়া দাও। যদি কাউকে বেশী দিতাম তাহলে নারীদেরকে বেশী দিতাম।

হাদীসটি দুর্বল।

এটি আবূ বকর আজুরী “ফাওয়াইদুল মুন্তাখাবা” গ্রন্থে (১/১০৩/১), তাবারানী (৩/১৪২/২), হারিস ইবনু আবী উসামা “মুসনাদ” গ্রন্থে (পৃঃ ১০৬) এবং বাইহাকী (৬/১৭৭) চারটি সূত্রে বর্ণনা করেছেন। তারা বলেনঃ আমাদেরকে হাদীসটি ইসমাঈল ইবনু আইয়াশ সাঈদ ইবনু ইউসুফ হতে ... শুনিয়েছেন। এটির সনদ দুর্বল। কারণ ইবনু ইউসুফ সকলের ঐক্যমতে দুর্বল। ইবনু আদী তার এ হাদীসটি উল্লেখ করে বলেনঃ তার এ হাদীসটির চেয়ে মুনকার হাদীস আর নেই। এ জন্য ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে তার জীবনীতে বলেনঃ তিনি দুর্বল। তার এ কথার কারণেই বুঝা যাচ্ছে "ফাতহুল বারী" গ্রন্থে (৫/১৬৩) যে বলেছেন সনদটি হাসান, এরূপ বলাটা সঠিক নয়। তবে হাদীসটির প্রথম অংশটুকুর অর্থবোধক শব্দ বুখারী এবং মুসলিম সহ অন্যান্য হাদীস গ্রন্থে বর্ণিত হয়েছে। সুতরাং প্রথম অংশটি সহীহ।

হাদীসটি আবু মুহাম্মাদ জাওহারী “ফাওয়াইদুল মুন্তাখাবা” গ্রন্থে (২/৭) এবং তার থেকে ইবনু আসাকির (৭/১৮৪/২) আওযাঈর সূত্রে ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে বর্ণনা করেছেন। ইয়াহইয়া বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

এ সনদটি মু’জাল। সাহাবী এবং তাবেঈ দু’জনকে এখানে লুকিয়ে দেয়া হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5599

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন